

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
অডিট শাখা
পরিবহন পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০০২.২০-১২০

তারিখঃ ২০ কার্তিক ১৪২৭
০৫ নভেম্বর ২০২০

বিষয় : বিগত ২০.০৮.২০২০ খ্রি. তারিখে টিএমইডি-তে অনুষ্ঠিতব্য ত্রি-পক্ষীয় সভায় উত্থাপিত ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ, খুলনা পলিটেকনিক ইনস্টিটিউট, বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর বিভিন্ন অর্থ বছরের মোট ৩১ (একত্রিশ) টি অনিষ্পন্ন অগ্রীম অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভার স্বাক্ষরিত কার্যবিবরণী (প্রমাণকসহ) প্রেরণ।

সূত্র: টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০.০৪৭.০৪.০০২.২০.২৬, তারিখ: ২৩.০৯.২০২০ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের সভাপতিত্বে গত ১৫.১০.২০২০ খ্রি. তারিখে ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়।

০২. উক্ত সভায় উপস্থাপিত ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ, খুলনা পলিটেকনিক ইনস্টিটিউট, বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর বিভিন্ন অর্থ বছরের মোট ৩১ (একত্রিশ) টি অনিষ্পন্ন অগ্রীম অডিট আপত্তির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।


০৩. ত্রি-পক্ষীয় সভার আলোচনা এবং সিদ্ধান্তের আলোকে সভার কার্যবিবরণী (সভায় উপস্থিত সকলের স্বাক্ষর গ্রহণপূর্বক) প্রস্তুত করা হয়েছে। সিদ্ধান্তের সমর্থনে প্রয়োজনীয় প্রমাণক সংযুক্ত করা হয়েছে বিধায় পরবর্তী কার্যক্রম তথা উক্ত আপত্তিগুলো নিষ্পত্তির লক্ষ্যে পদক্ষেপ গ্রহণের নিমিত্ত কার্যবিবরণী (সংযুক্ত প্রমাণকসহ) মহোদয় বরাবর প্রেরণ আবশ্যিক।

০৪. এমতাবস্থায়, উল্লেখিত আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে স্বাক্ষরিত কার্যবিবরণী (প্রমাণকসহ) নির্দেশক্রমে মহোদয়ের বরাবর প্রেরণ করা হলো। সেসাথে ত্রি-পক্ষীয় সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে আপত্তিগুলো নিষ্পত্তিক্রমে আগামী ১০.১২.২০২০ খ্রি. তারিখের মধ্যে গৃহীত কার্যক্রমের তথ্যাদি টিএমইডি-তে প্রেরণের জন্যও মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : ০১. বর্ণনামতে কার্যবিবরণী ১৭ ফর্দ (৩৩ পৃষ্ঠা)

০২. বর্ণনামতে প্রমাণক মোট ৪ সেট (প্রতিষ্ঠানভিত্তিক ৩ সেট ও সংস্থা ১ সেট)

মহাপরিচালক
শিক্ষা, সংস্কৃতি ও ধর্ম বিষয়ক অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স (৫ম ও ৬ষ্ঠ তলা)
সেগুনবাগিচা, ঢাকা।


০৫.১১.২০
(নুরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব (অডিট)
ফোন: ৯৫৭৫২৭২

অনুলিপি:

০১. সচিব মহোদয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৩. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
০৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৫. জনসংযোগ কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

- ✓ ০৬. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫-০৭. অধ্যক্ষ, ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ, ময়মনসিংহ/খুলনা পলিটেকনিক ইনস্টিটিউট, খুলনা/বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই, রাজশাহী।
০৮. অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(অতি:সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৯. উপ-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(উপসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১০-১১. অফিস কপি/ মাস্টার কপি।